হরিনাকুন্ডুতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

হরিনাকুন্ডু উপজেলার কুল্লগাছা ভাতুড়িয়া গ্রামে তৌফিক নামে ১৮মাস বয়সের এক শিশু পানিতে ডুবে মৃত্যু বরণ করেছে। বৃহস্পতিবার সকাল ৯টার দিকে বাড়ির পিছনের গর্তে পড়ে শিশুটির মৃত্যু হয়। শিশুটি একই গ্রামের লিটন মিয়ার ছেলে। স্বজনদের নিকট থেকে জানা যায় শিশুটির মা রান্না ঘরে রান্না করছিল পাশেই শিশুটি খেলছিল। কিছুক্ষন পরে শিশুটিকে না দেখতে পেয়ে আশে পাশে খোজাখুজি করতে থাকলে একসময় বাড়ীর পাশের গর্তে শিশুটিকে ভাসতে দেখে। এসময় শিশুটিকে উপরে তুলে অনেক চেষ্ট করেও আর বাঁচাতে পারেনি। হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ রহিম উদ্দীন মোল্লা পানিতে ডুবে শিশু মৃত্যু ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে ১৪ আসামী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় পরোয়ানাভুক্ত ১৪ আসামীকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে একজন নারী আসামীও রয়েছেন। বুধবার রাতে পুলিশের বেশ কয়েকটি টীম এ অভিযান চালায়। আসামীদেরকে বৃহষ্পতিবার সকালে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে বিজ্ঞ আদালত গ্রেপ্তারী আদেশ জারি করেন। এ আদেশ বলে তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে। এদের মধ্যে জিআর ৮ জন ও সিআর মামলার ৬ জন রয়েছে।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের ত্রি-বার্ষিক নির্বাচন

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিট এর ত্রি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে । ০৭টি পদের বিপরীতে সর্বমোট ০৮টি মনোনয়নপত্র জমা পড়ে। একজন প্রার্থী তার প্রার্থীতা প্রত্যাহার করলে ৭টি পদের নির্বাচনে কোন প্রতিদন্দিতা না থাকায় নিম্নোক্ত প্রার্থীদের বিনা প্রতিদন্দিতায় বেসরকারী ভাবে বিজয়ী ঘোষণা করা হয়। বৃহস্পতিবার মেহেরপুর জেলা পরিষদের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে বিজয়ীদের নাম ঘোষণা করেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা শাখার সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিট এর ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন এ্যাড.ইয়ারুল ইসলাম, সেক্রেটারি খন্দকার একরামুল হক এছাড়াও পাঁচজন নির্বাহী সদস্য হিসেবে ঘোষণা করা হয় তারা হলেন, আশকার আলী, মোঃ জিয়াউদ্দিন বিশ্বাস, এ্যাড.এ কে এম শফিকুল আলম, খন্দকার আঃ মতিন এ্যাড. এবং শামীম আরা হীরা।

কুমারখালীতে অগ্নিকাণ্ডে দশটি দোকান পুড়ে ছাই

কুষ্টিয়ার কুমারখালীতে অগ্নিকাণ্ডে ১০টি দোকান ভস্মীভূত হয়েছে। এতে করে প্রায় ২০ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা।

গতকাল বুধবার বিকেলে উপজেলার সদকী ইউনিয়নের জিলাপিতলা মোড়ের আজিজ মার্কেটে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। মূহুর্তেই আগুনের লেলিহান শিখা দাউদাউ করে আশেপাশের আরও অন্তত ১০ টি ব্যবসা

প্রতিষ্ঠান ভস্মীভূত হয়।

পরে খবর পেয়ে স্থানীয়দের সহায়তায় ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট ঘন্টাব্যপী চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

কুমারখালী ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ জাহিদুর রহমান জাহিদ জানান, জালাল ওয়ার্ক শপের দোকান থেকে ইলেকট্রিক শর্ট সার্কিট হয়ে এই আগুনের উৎপত্তি হয়েছে বলে আমরা ধারণা করছি। অগ্নিকাণ্ডে পোষাকের দোকান, হোটেল, ঔষধের দোকান সহ ১০টি দোকান ভস্মীভূত হয়েছে।

কুমারখালী ফায়ার সার্ভিস স্টেশন লিডার মোহাম্মদ লুৎফর রহমান জানান, আমরা সংবাদ পেয়ে সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসি। এ সময় খোকসা ফায়ার সার্ভিসের একটি ইউনিট আমাদের সহযোগিতা করেন।

কুমারখালী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রাজিবুল ইসলাম খান ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

গাংনীতে আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগ নিয়ে অর্থবাণিজ্যের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু বকর সিদ্দিক অবসরে যান গত মাসের অক্টোবরের ২৪ তারিখে। মাস না পেরোতেই ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখনকে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দিতে তড়িঘড়ি করে সকল প্রস্তুতি সম্পন্ন করে গত ২০ নভেম্বর শুক্রবার পরিক্ষা নেওয়ার প্রস্তুতি নিচ্ছিল ম্যানেজিং কমিটি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। নিয়োগ পরিক্ষায় অংশ নেওয়ার জন্য তিন জন ডেমি প্রার্থীও

ম্যানেজ করা হয়।

কিন্তু গোপন এই প্রক্রিয়ায় বাধ সাধলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের এমপি সাহিদুজ্জামান খোকন। তাঁর হস্তক্ষেপে ডিজি প্রতিনিধি খোরশেদা আলম নিয়োগ পরিক্ষা স্থগিত রাখেন। এছাড়াও বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে জানেন না বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকরাও।

অভিযোগ উঠেছে মোটা অংকের টাকা ঘুষ বানিজ্যের মাধ্যমে এ নিয়োগ দেওয়ার প্রক্রিয়া চুড়ান্ত হয়েছিল। এই টাকার বেশি অংশ স্কুল কমিটির বর্তমান সভাপতি ও ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হাবিবুল বাশার, ডিজি’র প্রতিনিধি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক খোরশেদা আলমসহ নিয়োগ কমিটির কয়েকজনকে ভাগ দেওয়ার কথা ছিল।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সাবেক এক সভাপতি নাম প্রকাশ না করার শর্তে জানান, হাবিবুর রহমান লিখনের সাথে বর্তমান সভাপতি মোহাম্মদ আলী ও সাবেক প্রধান শিক্ষক ৭ লাখ টাকা ঘুষ নেন। যার অর্ধেক করে ভাগাভাগি করে নেওয়ার কথা ছিল।

পরে সাবেক প্রধান শিক্ষককে টাকার ভাগ না দিয়ে ঘুষের টাকা দিয়ে একটি পিকআপ কিনেছে মোহাম্মদ আলী। যার একটি মোটরসাইকেল কেনারও ক্ষমতা ছিলনা। হাবিবুর রহমান লিখন একজন অযোগ্য ও অদক্ষ শিক্ষক। তাঁকে এই পদে নিয়োগ দেওয়া হলে বিদ্যালয়ের মান ক্ষুন্ন হবে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হাবিবুল বাশার জানান, ঘুষ নেওয়ার যে অভিযোগ করা হয়েছে তা মিথ্যা ও ভিত্তিহীন। এছাড়া একটি অখ্যাত পত্রিকায় নিয়োগ সার্কুলার দেওয়া হয়েছে বলে তিনি স্বীকার করেন। কিন্তু এমনটি কেন হলো প্রশ্নে তিনি বলেন, এটা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি করেছে। এছাড়া নিয়োগ পরিক্ষা বন্ধ হওয়ার বিষয়ে তিনি ডিজির প্রতিনিধি জানেন বলে জানান।

নিয়োগ কমিটিতে দায়িত্বপ্রাপ্ত ডিজির প্রতিনিধি ও মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক খোরশেদা আলম জানান, গাংনীর এমপি মহোদয় নিয়োগ পরীক্ষা নিয়ে আপত্তি জানালে পরিক্ষা স্থগিত করা হয়েছে। ঘুষ নেওয়ার অভিযোগের বিষয়ে তিনি বলে এটি একটি ভিত্তিহীন অভিযোগ।

বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইমরান হাবিবের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগের বিষয়ে কিছুই জানেন না।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির শিক্ষক প্রতিনিধি সদস্য ইউসুফ আলীর সাথে যোগাযোগ করা হলে তিনি এ বিষয়ে কোন মন্তব্য করতে রাজী হননি এবং বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতির সাথে কথা বলতে বলেন।

প্রধান শিক্ষক প্রার্থী হাবিবুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি মোবাইলে জানান এ বিষয়ে সরাসরি কথা হবে। এর বেশি কিছু বলতে চাননি।

বিদ্যালয়ের অভিযুক্ত সভাপতি মোহাম্মদ আলী বলেন, সকল প্রক্রিয়া মেনে নিয়োগ পরিক্ষার আয়োজন করা হয়। চার জন প্রার্থী আবেদন করেছেন, তাদের নাম মনে নেই। কিন্তু এমপি সাহেব ঝামেলা করায় নিয়োগ বন্ধ করা হয়েছে। এ ছাড়া টাকা নেওয়ার যে অভিযোগ করা হয়েছে তা ষড়যন্ত্র ও মিথ্যা। তিনি আরো বলেন, এমপি সাহেব কে? তিনি নিয়োগ দেওয়া বা বন্ধ করার মালিক না।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন জানান, নিয়োগ সংক্রান্ত সুপারিশ করার পর ডিজির প্রতিনিধি, উপজেলা শিক্ষা অফিসার ও স্কুল কমিটির সভাপতি নিয়োগ প্রক্রিয়া করে থাকেন। এতে ব্যাত্যয় হয়েছে এমন অভিযোগ পেলে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন জানান, গত মাসের ২৪ তারিখে সাবেক প্রধান শিক্ষক অবসর নিলেন। এরই মধ্যে গোপনে অখ্যাত পত্রিকায় সার্কুলার দিয়ে গত ২০ তারিখে পরিক্ষা নেওয়ার কথা ছিল।

এর মধ্যে অন্য একটি স্কুলের প্রধান শিক্ষককে ডেমি প্রার্থী করা হয়। আমি বলেছি এটা ওপেন করতে। যাতে করে অনেকেই এই পরিক্ষায় অংশ নিতে পারে। ঘুষ বাণিজ্যের ব্যাপারে তিনি বলেন, অর্থনৈতিক কোন লেনদেনের কথা আমার কানে আসেনি।

উল্লেখ্য, ১৯৯৪ সালে গাংনী উপজেলার চারটি গ্রামের অদ্যক্ষর দিয়ে আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ের নামকরণ করে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়ে বর্তমানে সাত শতাধিক শিক্ষার্থী লেখাপড়া করছে।

গাংনীর কাজীপুরে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং’র উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর গ্রামে ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার সকাল ১১ টায় কাজীপুরের গোলাম বাজারে ইসলামী ব্যাংক এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করা হয়।

হাজী মোহাম্মদ ইব্রাহিম মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর শাখা প্রধান ও এভিপি জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাজীপুর এজেন্ট শাখার ম্যানেজার ইনচার্জ নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রেজাউল হক মাস্টার, কাজীপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুর রউফ স্বপন, সাবেক সভাপতি আবু নাতেক, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা, বিএসসি কেতাব আলী, সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল আলিম ও এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ প্রমুখ।

অনুষ্ঠানের শেষাংশে ফিতা কেটে ইসলামী ব্যাংক ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন করেন প্রধান অতিথি জাহাঙ্গীর আলম।

দর্শনায় চিনিকল বন্ধের প্রতিবাদে মতবিনিময় সভা

বাংলাদেশ চিনিকল কর্পোরেশনের শ্রমিক কর্মচারী ফেডারেশন ও বাংলাদেশ আখচাষী ফেডারেশন’র যৌথ উদ্যোগে চিনিকল সমূহ বন্ধের

প্রতিবাদে এবং ৫ দফা দাবিতে আগামী ২৮/১১/২০২০ তারিখে মানববন্ধনের কর্মসূচি সফল করার লক্ষ্যে দর্শনা কেরু’জ ট্রেনিং কমপ্লেক্সে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকাল ৫ টায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় কেরু এ্যান্ড কোম্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকলের শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সহ সাধারণ সম্পাদক তৈয়ব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, সাবেক মেয়র মহিদুল ইসলাম।

মেয়র মোঃ মতিয়ার রহমান বলেন, কেরু এন্ড কোম্পানি বাংলাদেশের একটি সুনামধন্য প্রতিষ্ঠান, শুধু কেরু এন্ড কোম্পানি নয় বাংলাদেশের সকল চিনিকল টিকিয়ে রাখতে হবে, এসব প্রতিষ্ঠান এর উপর লক্ষ লক্ষ পরিবার নির্ভরশীল, কোন ভাবেই এটি বন্ধ হতে দেওয়া যাবে না।

এ সময় আরও উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি মাসুদুর রহমান, আখচাষী কল্যাণের সভাপতি আব্দুল হান্নান, জাসদ নেতা আনারুল ইসলাম (বাবু), কবি আবু সুফিয়ান, ফিরোজ আহমেদ, অ্যাডভোকেট শহিদুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে মাদক ব্যবসায়ীর কারাদণ্ড

মেহেরপুরের বাসস্ট্যান্ড এলাকার মাদক ব্যবসায়ী তাজুল ইসলামকে ৩ মাসের জেল দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার দুপুরে নির্বাহী ম্যাজিস্ট্রেট কাজী মোঃ অনিক ইসলামের নেতৃত্বে বাসস্ট্যান্ড এলাকায় ভ্রাম্যমাণ আদালতে অভিযান

পরিচালনা করা হয়।

এ সময় তাজুল ইসলামের বাড়িতে অভিযান চালিয়ে ২ গ্রাম হেরোইন, ১৭ টি পুরিয়া যার আনুমানিক ওজন ১ গ্রাম এবং ১ গ্রাম খোলা হেরোইনসহ মোট ৪ গ্রাম হেরোইন ও বাড়ি থেকে হেরোইন বিক্রয়ের নগদ অর্থ ১৮৫০ টাকা উদ্ধার করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদক ব্যবসায়ী তাজুল ইসলামকে ১০০ টাকা জরিমানা করা হয়।

হরিণাকুণ্ডুতে বিজ্ঞান মেলার উদ্বোধন

‘পরিবেশ সংরক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তি’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে ৪২তম জাতীয় বিজ্ঞান মেলা, বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকালে উপজেলা পরিষদ চত্তরে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা আনুষ্ঠানিক ভাবে এ মেলার উদ্বোধন ঘোষণা করেন। এ সময় থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লাসহ উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

উদ্বোধনের পর মেলায় অংশ গ্রহণকারী ১৩টি স্টল পরিদর্শন শেষে উপজেলা মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, অধ্যক্ষ শরিফুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক, প্রেসক্লাব সভাপতি এম সাইফুজ্জামান তাজু।

যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেনের সঞ্চালনায় উক্ত আলোচনা সভায় উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

না ফেরার দেশে ম্যারাডোনা

আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার ম্যারাডোনা আর নেই। আজ (বুধবার) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে চলে গেলেন না ফেরার দেশে।
হৃদরোগে আক্রান্ত হয়ে বুধবার নিজ বাসায় মারা যান তিনি। খবরটি নিশ্চিত করেছে বার্তা সংস্থা এএফপি। বেশ কিছুদিন ধরেই অসুস্থ ছিলেন ৮৬ সালের বিশ্বকাপজয়ী এ কিংবদন্তি।

মৃত্যুকালে ম্যারাডোনার বয়স হয়েছিল ৬০ বছর। গত মাসে হাসপাতাল থেকে বাসায় ফিরেছিলেন ম্যারাডোনা। বুয়েনস এইরেসের হাসপাতালে তার মস্তিষ্কে জরুরি অস্ত্রোপচার করা হয়। মস্তিষ্কে জমাট বেঁধে থাকা রক্ত অপসারণ করা হয়েছিল। তখন মাদকাসক্তি নিয়ে ভীষণ সমস্যায় ভুগেছেন ম্যারাডোনা। বিস্তারিত আসছে …